

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
প্রশিক্ষণ-১ শাখা
www.fid.gov.bd

স্মারক নম্বর-০৫.০০.০০০০.২৩১.২৫.০০৩.২৪

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪৩১
২৬ মে ২০২৪

ইন্টার্নশিপ বিজ্ঞপ্তি

ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর আওতায় আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীন তিন (০৩) মাস মেয়াদে ১০ (দশ) জনকে ইন্টার্নশিপ প্রদান করা হবে। ইন্টার্নশিপ ব্যবহারিক প্রশিক্ষণ গ্রহণের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদন আহ্বান করা হলো:


০১। ইন্টার্নশিপ নিম্নবর্ণিত বিষয় সংশ্লিষ্ট হবে:

- (ক) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সংক্রান্ত গবেষণা কার্যক্রম (ফিন্যান্স, ব্যাংকিং এন্ড ইস্যুরেন্স, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, অর্থনীতি, গণিত, পরিসংখ্যান, আন্তর্জাতিক সম্পর্ক, সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রিধারীগণের জন্য);
- (খ) মন্ত্রণালয়/বিভাগের কার্যাবলি (ফিন্যান্স, ব্যাংকিং এন্ড ইস্যুরেন্স, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, অর্থনীতি, গণিত, পরিসংখ্যান, আন্তর্জাতিক সম্পর্ক, সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রিধারীগণের জন্য);
- (গ) ডিজিটাল রেকর্ড ব্যবস্থাপনা (কম্পিউটার সায়েন্স, ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রিধারীগণের জন্য);

০২। আবেদনের যোগ্যতা:

- (ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;
 - (খ) যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা বর্ণিত পরীক্ষায় অবতীর্ণ (Appeared) হতে হবে। অবতীর্ণ প্রার্থীগণকে পরীক্ষায় অবতীর্ণ মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;
 - (গ) স্নাতক/স্নাতকোত্তর/সমমান ডিগ্রি অর্জনের দুই (০২) বছরের মধ্যে আবেদন করতে হবে; এবং
 - (ঘ) ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর অধীন একজন প্রার্থী শুধু একবার ইন্টার্নশিপ করতে পারবে।
- ০৩। আবেদনকারী অন্য কর্মে নিয়োজিত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে।
- ০৪। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর অনুচ্ছেদ ১২ (গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে একটি ঘোষণাপত্র ও একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।
- ০৫। ইন্টার্নশিপ চলাকালীন মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে 'ইন্টার্নশিপ ভাতা' প্রদান করা হবে। 'ইন্টার্নশিপ ভাতা' ব্যতীত অন্য কোনো ভাতা/সুবিধা প্রদান করা হবে না।
- ০৬। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ নির্ধারিত একজন সুপারভাইজারের অধীন ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।

- ০৭। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুযায়ী 'ইন্টার্নশিপ ভাতা' প্রাপ্তির জন্য প্রার্থীকে প্রতিমাসে সুপারডাইজারের নিকট থেকে সন্তোষজনক কর্মকালের প্রত্যয়ন দাখিল করতে হবে।
- ০৮। ইন্টার্নশিপ চলাকালীন ইন্টার্ন 'কর্মে নিয়োজিত রয়েছেন' মর্মে কোনোরূপ প্রত্যয়ন প্রদান করা হবে না। তবে সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর 'ইন্টার্নশিপ সনদ' প্রদান করা হবে।
- ০৯। ইন্টার্নশিপ সনদ কোনোভাবেই কোনো প্রতিষ্ঠানে স্থায়ী, অস্থায়ী বা অন্য কোনো প্রকার চাকরির ক্ষেত্রে প্রাধিকার/অগ্রাধিকার হিসেবে গণ্য হবে না।
- ১০। প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক বা উভয় প্রকার পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ১১। প্রযোজ্য ক্ষেত্রে লিখিত বা মৌখিক পরীক্ষার তারিখ ও সময় প্রার্থীর ই-মেইল/ডাকযোগে/মোবাইলে জানানো হবে।
- ১২। লিখিত বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৩। ইন্টার্নশিপ সমাপনান্তে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ বা এর অধীন কোনো দপ্তর/সংস্থায় বা অন্য কোনো সরকারি প্রতিষ্ঠানে নিয়োগ প্রাপ্তির দাবি করতে পারবে না।
- ১৪। নির্বাচিত প্রার্থীকে ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর সকল শর্ত, অফিস ব্যবস্থাপনা ও সরকারি গোপনীয়তা সংক্রান্ত সকল আইন ও বিধিবিধান প্রতিপালন করে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে।
- ১৫। ইন্টার্নশিপ গ্রহণে আগ্রহী প্রার্থীগণকে <https://erecruitment.bcc.gov.bd/> লিংকে সংযুক্ত আবেদন ফর্ম অনুযায়ী আগামী ০৬ জুন ২০২৪ তারিখের মধ্যে অনলাইনে আবেদন দাখিল করতে হবে।
- ১৬। ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুযায়ী ইন্টার্ন বাছাইসহ এতদসংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন করা হবে।
- ১৭। মৌখিক পরীক্ষার সময় পূরণকৃত আবেদনপত্র ও আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র (শিক্ষাগত যোগ্যতার সনদ, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে সংগৃহীত চারিত্রিক সনদ/প্রশংসাপত্র, জাতীয় পরিচয়পত্র, জন্মনিবন্ধন, নাগরিকত্বের সনদ, সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের তিন কপি রঙিন ছবি ইত্যাদি) মূলকপি প্রদর্শনপূর্বক এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- ১৮। এ বিষয়ে ইন্টার্নশিপ প্রদানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।


২৬.০৬.২০২৪

মো: মামুনুর রশীদ
উপসচিব

ফোন: ০২-২২৩৩৫২৪৫০

ইমেইল: ds.training@fid.gov.bd